



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/8/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল 88,000 এর বেশি কর্মচারীর প্রতিনিধিত্ব করা PEF এবং UUP এর সাথে শ্রম চুক্তির ঘোষণা করলেন

PEF এর সাথে চুক্তি 51,000 এর বেশি নিউ ইয়র্ক স্টেট কর্মীকে আওতাভুক্ত করে, স্টেট কর্মীদের দ্বিতীয় বৃহত্তম ইউনিয়ন

UUP এর সাথে চুক্তি SUNY ব্যবস্থার 37,000 এর বেশি অনুষদ ও পেশাদার কর্মীদের আওতাভুক্ত করে, দেশের সর্ববৃহৎ উচ্চশিক্ষা ইউনিয়ন

চুক্তিতে রয়েছে বার্ষিক বেতন বৃদ্ধি, লোকেশন পে বৃদ্ধি, এবং স্বাস্থ্য বেনিফিটে পরিবর্তন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে তার প্রশাসন নিউ ইয়র্ক স্টেট পাবলিক এমপ্লয়িজ ফেডারেশন (New York State Public Employees Federation, PEF) এবং ইউনাইটেড ইউনিভার্সিটি প্রফেশনসের (United University Professions, UUP) সাথে চুক্তির ব্যাপারে সম্মতিতে পৌঁছাতে পেরেছে। পেশাদারি, বৈজ্ঞানিক এবং কারিগরি পদের ব্যাপক ব্যাপ্তিতে 51,000 এর বেশি নিউ ইয়র্ক স্টেট কর্মচারীর জন্য 2026 সালের এপ্রিল 1 পর্যন্ত চলা তিন বছরের একটি টার্মের জন্য PEF এর সাথে চুক্তি হয়েছে। নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) ব্যবস্থার 37,000 এর বেশি অনুষদ ও পেশাদার কর্মচারীদের জন্য 1 জুলাই 2026 পর্যন্ত চার বছরের একটি টার্মের জন্য UUP এর সাথে চুক্তি হয়েছে। ইউনিয়ন সদস্যদের আনুষ্ঠানিক সমর্থনের উপর উভয় চুক্তি নির্ভরশীল।

"PEF ও UUP এর সাথে এই চুক্তিগুলি নিউ ইয়র্ক স্টেটের পরিশ্রমী কর্মচারীদের জন্য একটি বড় বিজয়ের প্রতিনিধিত্ব করে," **গভর্নর হোকল বলেন।** এই চুক্তিগুলির মাধ্যমে নিউ ইয়র্কের সরকারি কর্মীবাহিনীতে বিনিয়োগ এবং আমাদের শ্রমজীবী ভাই ও বোনদের সাথে হাতে হাতে মিলিয়ে কাজ অব্যাহত রাখার জন্য আমার প্রশাসন এর প্রতিশ্রুতিতে অটল রয়েছে। এই চুক্তিগুলিকে ফলপ্রসূ করার ব্যাপারে সাহায্য করতে ইউনিয়নগুলির নেতৃত্ব এবং নিউ ইয়র্কের কর্মচারীদের বেতন ও বেনিফিট যাতে আমাদের স্টেটের প্রতি তাদের গুরুত্বপূর্ণ অবদানের প্রতিফলন হতে পারে তা নিশ্চিত করতে তাদের অংশীদারিত্বের জন্য আমি ইউনিয়নগুলির প্রশংসা করছি।"

পাবলিক এমপ্লয়িজ ফেডারেশনের প্রেসিডেন্ট ওয়েইন স্পেন্স বলেন, "গভর্নর হোকল

সরকারি কর্মীবাহিনীতে বিনিয়োগ করার প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং আমরা বিশ্বাস করি যে এই চুক্তি সেই প্রতিজ্ঞার প্রতিফলন করে। ভালো ও খারাপ সময়ে নিউ ইয়র্কবাসীদেরকে PEF সদস্যরা যে সেবাদান করে সেটিকে তিনি দীর্ঘদিন ধরে মূল্য দিয়েছেন। এবং এই চুক্তির মাধ্যমে তিনি প্রতিযোগিতামূলক বেতন ও বেনিফিটের মাধ্যমে প্রতিটি চাকরির পদে স্টেটের কর্মচারীদের আকৃষ্ট করার জরুরি তাগিদকে স্বীকৃতি দিলেন। এই বছরের বাজেটে স্থাপিত উদ্যোগসমূহের সাথে মিলিত হয়ে, নিউ ইয়র্কের প্রয়োজনীয় দক্ষ পেশাদারদের নিয়োগ ও ধরে রাখার কেটে এই চুক্তি অনেক উপকার করবে।"

ইউনাইটেড ইউনিভার্সিটি প্রফেশনসের প্রেসিডেন্ট ফ্রেডেরিক ই. কোয়াল, পিএইচডি, বলেন, "আমাদের শেষ চুক্তিতে অর্জিত সুবিধার অনুবর্তী ঐতিহাসিক এই চুক্তিটি আমাদের সদস্যদের বর্তমান উদ্বেগের অনেকগুলির সমাধান করে। এটি একটি ন্যায্য এবং সমতার চুক্তি যেখানে যুক্তিসঙ্গত বেতন বৃদ্ধি, খণ্ডকালীন কন্টিনজেন্ট অনুষদের জন্য সর্বনিম্ন বেতন বৃদ্ধি এবং আমাদের সদস্যদের জন্য গুরুত্বপূর্ণ অন্যান্য বৃদ্ধি। সম্ভাব্য এই চুক্তির ক্ষেত্রে একমত হওয়ার শর্ত খুঁজতে UUP এর সাথে কাজ করার জন্য আমি গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাতে চাই এবং বহু বছরের অবহেলার পর SUNY কে পুনরায় গড়ে তোলার কাজে তার সাথে যোগ দিতে আমি উন্মুখ। সম্ভাব্য এই চুক্তিটি UUP সদস্যদের পেশাদার জীবন উন্নত করে, এবং এটি আমাদের শিক্ষার্থী, রোগী এবং ক্যাম্পাস সম্প্রদায়ের জন্য একটি ভালো সংবাদ।"

SUNY এর চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র বলেন, "SUNY এর বিশ্বমানের শিক্ষা সম্ভব হচ্ছে শুধু প্রতিভাবান ও জ্ঞানী অনুষদ এবং নিবেদিত ও পেশাদার কর্মীদের জন্য যারা আমাদের ক্যাম্পাসগুলিকে সম্মুখ পথে চালনা করে। এই সেমিস্টারে আমাদের সকল ক্যাম্পাস পরিদর্শন করার সময় শিক্ষার্থীরা প্রায়শই আমার কাছে শিক্ষার ক্ষেত্রে জ্ঞান, কঠিন একটি ক্লাস বা জীবনের ঘটনা পার করতে শিক্ষার্থীদের সাহায্য করার জন্য তাদের দক্ষতা ও নির্দেশনা, এবং শিক্ষার্থীরা ঠিক আছে কিনা তা নিশ্চিত করার জন্য তাদের খোঁজখবর রাখার জন্য অনুষদ ও কর্মীদের প্রশংসা করেছে। একইভাবে, আমাদের SUNY মেডিকেল কেন্দ্রগুলিতে অনুষদ, নার্স, এবং কর্মচারীরা রোগীদের অত্যাবশ্যকীয় সেবাদান করে। আমি খুশি যে আমাদের UUP ও PEF সদস্যরা একটি ন্যায্য ও সমতার চুক্তি পেয়েছে।"

উভয় চুক্তির সম্মতিতে রয়েছে চুক্তির প্রতি বছর কর্মচারীদের বেতন বৃদ্ধি করা যা অন্যান্য নির্ধারিত চুক্তির সাথে সংগতিপূর্ণ হবে। চুক্তিতে এছাড়াও রয়েছে লোকেশন পে বৃদ্ধি এবং স্বাস্থ্য বেনিফিট যা সম্প্রতি নির্ধারিত অন্যান্য চুক্তির সম্মতির সাথে সংগতিপূর্ণ হবে।

চুক্তিটিকে এখন ইউনিয়নের নির্বাহী বোর্ড দ্বারা অনুমোদিত হতে হবে এবং ইউনিয়ন সদস্যদের দ্বারা আনুষ্ঠানিকভাবে সমর্থিত হতে হবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)